



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শোকবানী

মঞ্চ ও টেলিভিশনের অভিনেতা, সংগঠক, বীর মুক্তিযোদ্ধা মুজিবুর রহমান দিলুর মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর শোক

ঢাকা ১৯ জানুয়ারি ২০২১;


বীর মুক্তিযোদ্ধা মুজিবুর রহমান দিলু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ মঙ্গলবার সকাল সাড়ে ৬:০০ ঘটিকায় ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।

তঁার মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

এক শোকবার্তায় মন্ত্রী বলেন, মুজিবুর রহমান দিলু ছিলেন একজন শক্তিমান টেলিভিশন ও মঞ্চ অভিনেতা, পরিচালক, থিয়েটারকর্মী এবং নাট্যকার। তঁার আকস্মিক মৃত্যুতে জাতি হারিয়েছে ৭১-এর মুক্তিযুদ্ধের এক মহান যোদ্ধাকে আমরা হারিয়েছি আমাদের অকুতোভয় সহযোদ্ধাকে। আমাদের সহযোদ্ধার অকাল মৃত্যুতে যে শূন্যতা সৃষ্টি হয়েছে তা সহজে পূরণ হবে না। মহান মুক্তিযুদ্ধে একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে মুজিবুর রহমান দিলুর অবদান স্মরণীয় হয়ে থাকবে। তঁার মৃত্যু আমাদের সকলের জন্য অপূরণীয় ক্ষতি।

উল্লেখ্য, মঞ্চ থেকে অভিনয় জীবন শুরু করে ১৯৭২ সালে বাংলাদেশ টেলিভিশনে অভিনয় শিল্পী হিসেবে তালিকাভুক্ত হন। ১৯৭৬ সাল থেকে বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত অভিনয় করছেন। তঁার উল্লেখযোগ্য টিভি নাটক সংশপ্তক, নীল পানিয়া, মহাপ্রস্থান, কিছু তো বলুন, তথাপি, আরেক ফাঙ্কুন।

তিনি মরহমের আত্মার শান্তি কামনা করেন এবং তঁার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোন ৯৫৪ ০৩৮৭ (অঃ)
০১৭১১-৮১৫৮৮১